কালের কণ্ঠ

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ৬ কলাম ৩



মিনিস্ট্রিয়াল কনফারেন্সে জয়

# প্রাথমিক থেকেই তথ্য-প্রযুক্তি শিক্ষা শুরুর পরিকল্পনা

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

ভবিষ্যতে প্রাথমিক স্তর থেকে তথ্য-প্রযুক্তি শিক্ষা শুরুর পরিকল্পনার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য-প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। তিনি বলেন, শুধু স্বল্প মজুরির শ্রমিক নয়, বিশ্ববাজারে প্রযুক্তি পণ্য ও সেবা রপ্তানিকারক দেশ হতে চায় বাংলাদেশ। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হওয়া আইসিটি সেক্টরের মেগা ইভেন্ট চার দিনব্যাপী 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭'-র দ্বিতীয় দিন গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত 'মিনিস্ট্রিয়াল কনফারেন্সে' মূল প্রবন্ধ উপস্থাপনকালে জয় এসব কথা বলেন।

জয় বলেন, ভবিষ্যতে ৮০ শতাংশ সরকারি সেবা স্মার্টফোনের মাধ্যমে মানুষের হাতের মুঠোয় নিয়ে আসার পরিকল্পনা রয়েছে সরকারের।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে জয় বলেন, 'নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর ও প্রকৌশলীদের জন্য অপেক্ষা করছে নতুন ভবিষ্যৎ। নতুন প্রজন্মকে এ জন্য প্রশিক্ষিত করে তুলতে হবে। বর্তমানে ষষ্ঠ শ্রেণি থেকেই কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। দক্ষ জনশক্তি গড়ে তুলতে ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে আইটি শিক্ষা প্রাইমারি লেভেল থেকে শুরু করার।'

জয় বলেন, প্রাথমিকে আইটি শিক্ষা শুরু করা ষষ্ঠ শ্রেণির চেয়ে কঠিন হবে না বলেই তাঁর বিশ্বাস। তিনি বলেন, 'এই লেভেলে লেখা শেখানো বা হোমওয়ার্কগুলো ট্যাবের (ট্যাবলেট পিসি) মাধ্যমে করা যেতে পারে। শিশুরা এগুলো খুব দ্রুত শেখে। তবে এখানে আমাদের রিসোর্স একটি চ্যালেঞ্জ। স্বল্পমূল্যে ট্যাবলেট ও কম্পিউটার দেশে তৈরি করার চেষ্টা করা হচ্ছে। আশা করছি কয়েক বছরের মধ্যে প্রাথমিক থেকে এই শিক্ষা শুরু করা যাবে।'

২০০৯ সালে ডিজিটাল বাংলাদেশের যাত্রা শুরুর পর গত ৯ বছরে দেশের ৪০ শতাংশ সরকারি সেবা ডিজিটাল হয়েছে জানিয়ে তিনি বলেন, আগামীতে বেশির ভাগ সেবা মোবাইল ফোনের মাধ্যমে দেওয়া হবে। আগামীতে ১০ শতাংশের বেশি গাড়ি চালকহীন হবে। সরকার, ব্যবসা ও সাধারণ মানুষের জীবনেও এর প্রভাব দেখা যাবে।

জয় বলেন, 'সরকার বেসরকারি খাতকে সঙ্গে নিয়ে তথ্য-প্রযুক্তি খাতের উন্নয়নে কাজ করেছে। জনগণ তথ্য-প্রযুক্তির সুফলও ভোগ করছে। ফলে বাংলাদেশে প্রযুক্তির ব্যবহার বেড়েছে বহুগুণ। এ ডিজিটাল ওয়ার্ল্ডেই সবাই দেখেছেন ড্রোন, বিশ্বের উন্নত রোবট সোফিয়াকে।'

অন্যদের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, কঙ্গোর প্রধানমন্ত্রীর মুখ্য উপদেষ্টা ডাইডোন কালোম্বো এনকিলে, কম্বোডিয়ার ডাক ও যোগাযোগ প্রতিমন্ত্রী কান চানমেটা এ আলোচনায় বক্তব্য দেন। এ ছাড়া ভুটানের তথ্য ও যোগাযোগ মন্ত্রী দীননাথ দুঙ্গায়েল, মালদ্বীপের সশস্ত্র ও জাতীয় নিরাপত্তা উপমন্ত্রী তারিক আলী লুথুফি, ফিলিপাইনের আইসিটি অধিদপ্তরের পরিচালক নেস্টর এস বোঙ্গাটা, সৌদি আরবের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের আন্তর্জাতিক বিভাগের প্রধান মোহাম্মদ ফাহাদ আলী আরাল্লাহ সম্মেলনে অংশ নেন। সূত্র : বাসস ও বিডিনিউজ।